

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### জলবায়ু পরিবর্তনে পদক্ষেপ গ্রহণ

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমি প্রায়ই শিক্ষার্থীদের আমাদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য দৃঢ়ভাবে শুরু সম্পর্কে কথা বলি, এবং যখন বলি, আমি তখন পুরো বিশ্বকে বিবেচনায় রাখি, যার জন্য আমরা তাদের প্রস্তুত করছি। এটা খুব জটিল এবং দ্রুত পরিবর্তনশীল—এবং এটা জলবায়ু পরিবর্তনের কারণে অস্তিত্বের সংকটের হুমকিতে আছে। আমাদের ছেলেমেয়েরা এই সমস্যা তৈরি করেনি, তবে এটি সমাধান করায় তাদের ভূমিকা অবশ্যই হবে গুরুত্ববহ।

সে কারণেই আমি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ একেবারে প্রথমবারের মতো আয়োজিত চার দিনব্যাপী [ক্লাইমেট অ্যাকশন ডেজ \(জলবায়ু বিষয়ক কর্মসূচির দিনগুলি\)](#) নিয়ে অধীর হয়ে আছি— যাতে টিকে থাকার গুরুত্ব এবং আমাদের স্কুলগুলোতে পরিবেশ নিয়ে কর্মসূচি গ্রহণকে প্রাধান্য দিতে প্রতিদিন থাকবে একটি বিশেষ মূল ভাবনা:

- 6 ডিসেম্বর: জ্বালানি
- ফেব্রুয়ারি 7: আবর্জনা
- 17 এপ্রিল: স্বাস্থ্য, সার্বিক সুস্থতা, এবং সবুজে ঘেরা স্থানসমূহ

- 12 জুন: পানি

ক্লাইমেট অ্যাকশন ডেজ-এ আমাদের স্কুল কমিউনিটিগুলো এসব আলোচ্য বিষয়ে মনোনিবেশ করবে এবং সংরক্ষণ সম্পর্কে জানবে, যা তাদেরকে স্কুল-ভিত্তিক লক্ষ্য নির্ণয় এবং পদক্ষেপ গ্রহণে সক্ষম করবে। প্রস্তুতি গ্রহণের জন্য, আমাদের অফিস অভ এনার্জি অ্যান্ড সাসটেইনেবিলিটি-এর নেতৃত্বে প্রস্তুতির জন্য এই মাসে সর্বমোট প্রায় 750 জন শিক্ষক ও স্কুল স্টাফদের তিনটি পূর্ণ দিবস প্রশিক্ষণ দেয়া হয়েছে। এসব শিক্ষাবিদ পরিকল্পিত জলবায়ু-বিষয়ক কর্মকাণ্ড ও কর্মসূচি তাদের স্কুল কমিউনিটির উপযোগী করে তৈরি, যেগুলোর আওতা "স্থানীয় জ্বালানি সম্পর্কে অনুসন্ধান" বিষয়ক ফিল্ড ট্রিপ (শিক্ষা সফর) থেকে শুরু করে প্লাস্টিক-মুক্ত লাঞ্চ দিবস এবং তা থেকে রেইন গার্ডেন (বৃষ্টির পানি দিয়ে সৃষ্ট বাগান) ও পানি পরিশোধক তৈরি পর্যন্ত বিস্তৃত।

জলবায়ু বিষয়ক শিক্ষা ও পদক্ষেপের সম্ভাবনা সীমাহীন। আপনি কি জানেন যে, সিটির স্যানিটেশন ডিপার্টমেন্ট-এর করা [2017 সালের একটি গবেষণা](#) অনুযায়ী আমাদের স্কুলগুলো থেকে সৃষ্ট 51% আবর্জনা থেকে জৈব-সার তৈরি এবং 35% রিসাইকেল করা যায়? আমার কাছে এই উপাত্তের পিছনে একটি স্পষ্ট বার্তা আছে: যখন পরিবেশ ও সবুজ ভবিষ্যতের প্রশ্নটি উত্থাপিত হয়, একটি স্কুল ব্যবস্থা হিসেবে আমাদের একটি সুযোগ এবং—নেতৃত্ব দেয়ার—দায়িত্ব রয়েছে।

NYC পাবলিক স্কুলস্ ইতোমধ্যে আমাদের স্কুলসমূহ জুড়ে 81-টি সৌর স্থাপনা নিয়ে সিটির সৌর জ্বালানি ব্যবহারের লক্ষ্যমাত্রায় আজ অবধি সবচেয়ে বেশি অবদান রেখেছে। এছাড়াও আমরা আমাদের শিক্ষার্থীদেরকে আমাদের ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন প্রোগ্রাম এবং পেশা-সংশ্লিষ্ট শিক্ষণের মাধ্যমে গ্রিন-জব-এর সাথে সংযুক্ত করছি। এবং এই শিক্ষা বছরের শেষ নাগাদ আমাদের স্কুলের সবার জন্য আমরা রাস্তার পাশে জৈব-সার তৈরি ব্যবস্থা ব্যবহারের সুযোগ রাখবো—যা দেশের সর্ববৃহৎ জৈব-সার কর্মসূচি।

ক্লাইমেট অ্যাকশন ডেজ-এর দিকে এগিয়ে যাওয়ার এই সময়ে আমি পুরো NYCPS কমিউনিকিকে সংশ্লিষ্ট হতে উৎসাহিত করছি! পরিবারবর্গ, আপনারা আপনাদের সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন এবং 6 ডিসেম্বর আমাদের প্রথম ক্লাইমেট অ্যাকশন ডেজ-এ তাদের পরিকল্পনা সম্পর্কে জিজ্ঞাসা করুন। এছাড়াও আপনি ছেলেমেয়েদের জন্য জলবায়ু ও সংরক্ষণশীলতার প্রতি অভিনিবিষ্ট বয়সোপযোগী বইয়ের সুপারিশের জন্য আমাদের [ওয়েবপেজ](#) দেখতে পারেন।

আমাদের স্কুল স্টাফদের উদ্দেশ্যে বলছি, ক্লাইমেট অ্যাকশন ডেজ সফল করার জন্য এই ফল-এ (হেমন্তে) কঠোর পরিশ্রম করার জন্য আপনাদের ধন্যবাদ। আমি আপনাদের দেখছি এবং কৃতজ্ঞতা পোষণ করি। আপনি যেসব শিক্ষার্থীকে এই গ্রহের সুরক্ষার জন্য অনুপ্রাণিত করেন, তারাই আপনার উত্তরাধিকার।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যাম্পেলর

আমাদের স্পটলাইট ভিডিও: ব্রুকলিন কলেজ টুর-এর ভিডিও দেখুন, এবং স্মরণ রাখবেন, NYCPS সিনিয়রদের জন্য CUNY অক্টোবর মাসের শেষ পর্যন্ত ভর্তির আবেদনের ফি মওকুফ করে দিয়েছে! আমাদের [PS + You](#) [সর্বশেষ সংখ্যায়](#) আরও বিস্তারিত রয়েছে।



এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি PS+You ইমেইল বার্তাগুলো আর পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবসক্রাইব](#) করুন।